

চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আশ্রাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০

প্রচার পত্র নং - ৩০/২০২১

তারিখ : ২৫/০৪/২০২১খ্রিঃ

সম্মানিত সদস্যদের প্রতি,


চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের Port Community System (PCS)

বিষয়ে জরুরী দৃষ্টি আকর্ষণ

সম্মানিত সদস্যদের প্রতি জরুরী দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম বন্দরের আমদানি ও রপ্তানি কার্যক্রম সহজীকরণের লক্ষ্যে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ বিদ্যমান অটোমেশন ব্যবস্থা Terminal Operating System (TOS) এর আওতায় Port Community System (PCS) চালু করেছে। Port Community System এর মাধ্যমে অনলাইনে গেইট পাশ (পণ্য ডেলিভারীর নিমিত্তে ট্রাক/কাভার্ড ভ্যান প্রবেশের জন্য) ইস্যুকরণ, FCL/LCL কন্টেইনার লোকেশন ট্র্যাকিং, ডেলিভারী এ্যাসাইনমেন্ট তথ্য জানা, রিলিজ অর্ডার দাখিল, ইলেকট্রনিক ডেলিভারী অর্ডার (E-DO) আপলোড/দাখিল ইত্যাদি সম্পাদন করা যাবে। বর্তমানে Port Community System এর মাধ্যমে বন্দরের নর্থ কন্টেইনার ইয়ার্ডে (NCY) ডেলিভারী কার্যক্রম পরীক্ষামূলকভাবে সম্পাদন করা হচ্ছে।

Port Community System এর মাধ্যমে বর্ণিত কার্য সম্পাদনের জন্য ইতোমধ্যে এসোসিয়েশনের সম্মানিত সদস্যদের মোবাইল নম্বরে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ কর্তৃক SMS এর মাধ্যমে User ID ও Password প্রেরণ করা হয়েছে। PCS ব্যবহারের জন্য প্রদত্ত User ID ও Password এর গোপনীয়তা ও নিরাপত্তা নিশ্চিত করার জন্য সম্মানিত সদস্যদের অনুরোধ করা হলো। কারণ কোন সদস্য সিএন্ডএফ প্রতিষ্ঠানের User ID ও Password ব্যবহার করে কোন অনিয়ম সংঘটিত হলে তার দায়ভার উক্ত সদস্য প্রতিষ্ঠানকে বহন করতে হবে।

Port Community System এর ব্যবহার বিধি (User Manual) সম্মানিত সদস্যদের ই-মেইলে প্রেরণ করা হয়েছে, এছাড়া বন্দরের ওয়েবসাইট www.cpatos.gov.bd/pcs এ পাওয়া যাবে। Port Community System ব্যবহার সংক্রান্ত কোন জিজ্ঞাসা থাকলে বন্দরের PCS Hotline Number: 01749923327 এ যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো। প্রয়োজনে অত্র এসোসিয়েশনের সহযোগিতা নেওয়া যেতে পারে।



মোঃ আলতাফ হোসেন চৌধুরী (বাচ্চু)

সাধারণ সম্পাদক